

Sample Question Paper

Bengali

Class-X

Time:- 3 Hours

Full Marks : 80

বিভাগ - ক

সঠিক উত্তরটি লেখো :

১×৬=৬

১। 'অন্নপূর্ণা ও ঈশ্বরী পাটনি' কবিতাটির লেখক :

ক) ভারতচন্দ্র রায় খ) রবীন্দ্রনাথ ঠাকুর গ) যতীন্দ্রনাথ সেনগুপ্ত ঘ) কবিকঙ্কণ মুকুন্দরাম চক্রবর্তী

২। কবি যতীন্দ্রনাথ সেনগুপ্তের জন্মসন :

ক) ১৮৮০ খ) ১৮৮২ গ) ১৮৮৫ ঘ) ১৯১০

৩। "ত্রিখানা ভেসে যায় সমুদ্রের পানে" – উদ্ধৃত কবিতাংশটি নেওয়া হয়েছে :

ক) রবীন্দ্রনাথ ঠাকুর-রচিত 'পরিচয়' কবিতা থেকে
খ) জীবনানন্দ দাশ-রচিত 'এখানে আকাশ নীল' কবিতা থেকে
গ) স্বর্ণকুমারী দেবী-রচিত 'দ্বিপ্রহর' কবিতা থেকে
ঘ) যতীন্দ্রনাথ সেনগুপ্ত-রচিত 'হাট' কবিতা থেকে

৪। 'দস্যু-কবলে' – গদ্যাংশটির উৎসগ্রন্থ হল :

ক) দুর্গেশনন্দিনী খ) কপালকুণ্ডলা গ) রাজসিংহ ঘ) আনন্দমঠ

৫। "পথে অন্নই খাইতে হইবে - আশরফি খাইতে পারিব না" – আশরফি হল :

ক) ঢাকা খ) শুকনো রুটি গ) একপ্রকার ফল ঘ) মুসলমান শাসনকালের প্রচলিত মুদ্রা

৬। "হ্যাঁ, দামি দস্তানাটা মাটি করে ফেলি আর কি !" উদ্ধৃতাংশের বক্তা :

ক) ইন্দ্রনাথ খ) শ্রীকান্ত গ) অন্নদাদিদি ঘ) নতুনদা

এক একটি পূর্ণাঙ্গ বাক্যে নীচের প্রতিটি প্রশ্নের উত্তর দাও :

১×৮=৮

৭। "আমার সন্তান যেন থাকে দুধেভাতে" – এ প্রার্থনা কে করেছিল ?

৮। "সন্ধ্যায় যেথা জ্বলে না প্রদীপ" – কোথায় প্রদীপ জ্বলে না ?

৯। রবীন্দ্রনাথ ঠাকুর-রচিত 'পরিচয়' কবিতায় কোন্ কোন্ ঋতুর উল্লেখ আছে ?

১০। "বদলে দাও

একখণ্ড বঙ্গ, দুয়েক মুঠো অন্ন, কিঞ্চিৎ অক্ষরজ্ঞান" – কবি ও কবিতাটির নাম লেখো ।

১১। চঞ্চলকুমারী কোথাকার রাজকুমারী ছিলেন ?

১২। "প্রস্তাব শুনিয়া, নতুনদা মুহূর্তেই একেবারে অগ্নিশর্মা হইয়া উঠিলেন ।" – কোন্ প্রস্তাব শুনে নতুনদা অগ্নিশর্মা হয়ে উঠেছিলেন ?

১৩। শংকরের পুরো নাম কী ?

১৪। "এইস্থান দেবতামুড়া নামে অভিহিত হয় ।" – কোন্ স্থানের কথা বলা হয়েছে ?

নীচের প্রশ্নগুলোর উত্তর দাও :

৫X৬=৩০

১৫। অনন্যপূর্ণা কোথা থেকে কোথায় যাচ্ছিলেন ? অনন্যপূর্ণা ও ঈশ্বরী পাটনির কথোপকথন সংক্ষেপে লেখো ।

২+৩=৫

অথবা

“মোর নাম এই বলে খ্যাত হোক,

আমি তোমাদেরই লোক,

আর কিছু নয়”- কোন কবিতা থেকে উদ্ধৃত ? কবি কে ? উদ্ধৃতাংশটির তাৎপর্য ব্যাখ্যা কর ।

১+১+৩=৫

১৬। “নতুন করিয়া বসা আর ভাঙা পুরানো হাটের মেলা”- কোন কবিতা থেকে নেওয়া ?

কবির নাম কী ? উদ্ধৃতিটির অর্থ নিজের ভাষায় লেখো ।

১+১+৩=৫

অথবা

‘নীলাভ আকাশ জুড়ে’ কী আছে ? রং তার কীসের মতন ? উক্ত কবিতায় ‘মেঠোপথে’ কী কী

মিশে আছে ?

১+২+২=৫

১৭। “ইহাই ডম্বুর নামে প্রসিদ্ধ ।” ডম্বুর কী ? তার উৎপত্তি কীভাবে ? ডম্বুর সম্পর্কে যা জান সংক্ষেপে লেখো ।

১+২+২=৫

অথবা

“বিপৎকালে যে ইতস্তত করে, সেই মারা যায় ।”- কার উক্তি ? কোন প্রসঙ্গে তিনি এই উক্তি করেছিলেন ? বিপৎকালীন ঘটনাটি সংক্ষেপে বর্ণনা করো ।

১+২+২=৫

১৮। “চাঁদের আলোকে তাকে দেখিয়া ভয় পাইয়া গেলাম”- কোন রচনা থেকে উদ্ধৃত ? কে ভয় পেয়ে গিয়েছিল ? উদ্দিষ্ট ব্যক্তিকে বক্তার ভয় পাওয়ার কারণ বর্ণনা করো ।

১+১+৩=৫

অথবা

“এসব অঞ্চল মোটেই নিরাপদ নয় ।” - কে, কাকে একথা বলেছেন ? উল্লেখিত অঞ্চলটির পরিচয় দাও ।

২+৩=৫

১৯। ‘পরীক্ষক অনেকক্ষণ নিরীক্ষণ করিয়া বলিলেন, মন্দ নহে ।’

ক) উদ্ধৃত অংশে ‘পরীক্ষক’ বলতে কাদের বোঝানো হয়েছে ?

খ) কাকে কোথায় নিরীক্ষণ করল ?

গ) কখন পরীক্ষক এই মতামত প্রকাশ করল ?

১+২+২=৫

অথবা

‘হত্যাকাণ্ডের খবরটা রানিবালা পেল পঁচুর মার কাছে ।’

ক) হত্যাকাণ্ডটি কে ঘটিয়েছিল ?

খ) কোন পরিস্থিতিতে, কাকে হত্যা করা হয়েছিল ?

গ) ‘পঁচুর মা’ কীভাবে প্রত্যক্ষদর্শী হল ?

১+২+২=৫

২০। ‘গোলমাল এখনও চলে -’

আগের ও বর্তমান গোলমালের মধ্যে কী পার্থক্য, গল্প অবলম্বনে উল্লেখ করো ।

৫

অথবা

‘সুভার যে গুটিকতক অন্তরঙ্গ বন্ধুর দল ছিল না, তাহা নহে ।’

‘অন্তরঙ্গ বন্ধুর দল’-এর সঙ্গে সুভার পারস্পরিক ভাবের আদানপ্রদান কীভাবে চলত বর্ণনা করো ।

৫

বিভাগ - গ

২১। নির্দেশ অনুসারে বাক্য পরিবর্তন করো :

১X৫=৫

- ক) পথ অতি দুর্গম । (নঞর্থক বাক্যে)
খ) সুমুখে একটা বালির ঢিবি ছিল । (জটিল বাক্যে)
গ) অন্ধকার প্রান্তর । (বিস্ময়সূচক বাক্যে)
ঘ) আমাদের সুভির যে এত ক্ষমতা তাহা তো জানিতাম না । (সরল বাক্যে)
ঙ) এ আমাদেরই লোক । (প্রশ্নবোধক বাক্যে)

অথবা

সন্ধিবিচ্ছেদ করো :

১X৫=৫

আবিষ্কার, নিশ্চয়, স্বার্থান্বেষী, উদ্দীপক, আদ্যোপান্ত

২২। একটি করে উদাহরণ দাও :

১X৫=৫

শব্দদ্বৈত, দেশি শব্দ, নিত্যসমাস, বাংলা তদ্ধিৎ প্রত্যয়, অর্থের সংকোচ

২৩। ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো :

১X৫=৫

প্রতিদান, দেশপ্রেমিক, শূলপাণি, বালিকাবিদ্যালয়, লোকজন

২৪। অর্থ পার্থক্য দেখাও :

১X৫=৫

নীর/নীড়, নিশীথ/নিশিত, বান/বাণ, অনিল/অনীল, আবরণ/আভরণ

অথবা

বাক্যে প্রয়োগ করো :

১X৫=৫

শাঁখের করাত, ঠোঁটকাটা, অরণ্যে রোদন, চাঁদের হাট, নয়ছয়

বিভাগ - ঘ

২৫। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো (অনধিক ২৫০ শব্দে) :

১০

- ক) ভগিনী নিবেদিতা
খ) ত্রিপুরার মেলা ও উৎসব
গ) খেলাধুলায় ভারত

২৬। নীচের উদ্ধৃত অংশটির ভাব সম্প্রসারণ করো (১৫০ থেকে ২০০ শব্দের মধ্যে) :

৬

‘হিন্দু না ওরা মুসলিম ঐ জিজ্ঞাসে কোন্ জন ?
কাঙারী, বলো ডুবিছে মানুষ, সন্তান মোর মার ।’

(প্রশ্নপত্রে ‘ভাব সম্প্রসারণ’ এবং ‘সভার কার্যবিবরণী’-র মধ্যে যে-কোনো একটি বিষয়ের একটিমাত্র প্রশ্ন থাকবে ।)